**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/25/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর HOCHUL (হোকল) SUNY-এর ডাউনস্টেট কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডে নিয়োগপ্রাপ্তদের নাম ঘোষণা করলেন

***অ্যাডভাইজরি বোর্ডের কাজ হলো আরো শক্তিশালী SUNY ডাউনস্টেট তৈরির জন্য আর্থিকভাবে দায়িত্বশীল, দীর্ঘমেয়াদি পরিকল্পনা তৈরি করা***

***বোর্ড নিউ ইয়র্ক স্টেটের ক্যাপিটাল কমিটমেন্ট এবং বিনিয়োগের জন্য পাওয়া ফেডারেল মার্কিন ডলারের 250 শতাংশ পর্যন্ত বিবেচনা করতে পারে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডে (Community Advisory Board, CAB) নিয়োগ পাওয়া আটজন ব্যক্তির নাম ঘোষণা করেছেন যাদের কাজ হবে SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University-এর আর্থিক স্বাস্থ্য, কার্যকারিতা, এবং সাস্টেনিবিলিটির জন্য এটি যুক্তিসঙ্গত, স্কেলেবেল, এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনার জন্য সুপারিশ করা। বোর্ডটি নিউ ইয়র্ক স্টেটের (New York State) ক্যাপিটাল কমিটমেন্টের এবং বিনিয়োগের জন্য পাওয়া ফেডারেল মার্কিন ডলারের 250 শতাংশ পর্যন্ত বিবেচনা করতে পারে।

"বহু মাস ধরে আমার অ্যাডমিনিস্ট্রেশন ব্রুকলিনের (Brooklyn) কমিউনিটির সাথে কথা বলেছে যাতে নিশ্চিত হয় যে State University of New York (SUNY) ডাউনস্টেটের দীর্ঘমেয়াদি আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করতে সাহায্য করার জন্য সঠিক ব্যক্তিদের নির্বাচিত করা হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি আত্মবিশ্বাসী যে SUNY ডাউনস্টেটের অ্যাডভাইজরি বোর্ড একটি জোরদার কমিউনিটিকে জড়িত করার প্রক্রিয়া সম্পাদন করবে এবং সার্বিক সুপারিশ তৈরি করবে যা সেন্ট্রাল ব্রুকলিন কমিউনিটির জন্য একটি আধুনিক ফ্যাসিলিটিতে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সাহায্য করবে।"

গভর্নর Hochul (হোকল) Citizens Budget Commission-এর প্রেসিডেন্ট Andrew Rein (অ্যান্ড্রু রেইন), প্যাস্টর Louis Hilton Straker Jr (লুইস হিল্টন স্ট্রেকার জুনিয়র), এবং Brooklyn Plaza Medical Center-এর Dr. Lesly Kernisant-কে (ডাঃ লেসলি কার্নিসান্ট) (অবসরপ্রাপ্ত) কমিউনিটির অ্যাডভাইজরি বোর্ডে নিয়োগ দিয়েছেন।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা Andrea Stewart-Cousins (অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স) SUNY ডাউনস্টেটের ডিপার্টমেন্ট অফ কমিউনিটি অ্যান্ড ফ্যামিলি হেলথের চেয়ার Dr. Enitza

George-কে (ডাঃ এনিটজা জর্জ), M.D., MBA, MSAI. নিয়োগ দিয়েছেন। অ্যাসেম্বলির স্পিকার Carl Heastie (কার্ল হিস্টি) New York Presbyterian Brooklyn Methodist Hospital-এর সাবেক অ্যাটেন্ডিং ফিজিশিয়ান Dr. Donald Moore-কে (ডাঃ ডোনাল্ড মুর) নিয়োগ দিয়েছেন।

অর্গানাইজড লেবারের পক্ষে প্রতিনিধি হিসেবে United University of Professions-এর প্রেসিডেন্ট Fred Kowal (ফ্রেড কোয়াল) থাকবেন।

তাদের সাথে যোগ দিবেন নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার James V. McDonald (জেমস ভি ম্যাকডোনাল্ড), MD, MPH এবং State University of New York-এর চ্যান্সেলর John B. King Jr (জন বি কিং জুনিয়র)।

SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University সেন্ট্রাল ব্রুকলিনকে অতি প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা সার্ভিস দিয়েছে এবং এক শতক ধরে নাগরিক মনোভাবের ডাইভার্স মেডিকেল পেশাদারদের বহু প্রজন্মকে ট্রেনিং দিয়েছে। তবে, SUNY Downstate Hospital বহু বছরের আর্থিক অস্থিতিশীলতারও সম্মুখীন হয়েছে, যার মধ্যে প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলারের বার্ষিক অপারেটিং ঘাটতি আছে, এবং ভেঙ্গে পড়তে থাকা একটি ফ্যাসিলিটি নিয়ে এখনো তারা হিমশিম খাচ্ছে। এইসব সমস্যার সমাধান করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং স্টেটের আইনসভা (legislature) ঘাটতি পূরণের জন্য একটি ঐতিহাসিক 300 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল এবং 100 মিলিয়ন মার্কিন ডলার অপারেটিং তহবিল ঘোষণা করেছেন, এবং একই সাথে SUNY ডাউনস্টেটের আধুনিকায়ন ও পুনরুজ্জীবনের জন্য একটি কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ড ঘোষণা করেছেন, যেখানে একটি SUNY ডাউনস্টেটের আর্থিক স্বাস্থ্য, কার্যকারিতা, এবং সাস্টেনিবিলিটির জন্য এটি যুক্তিসঙ্গত, স্কেলেবেল, এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনা অবশ্যই থাকতে হবে।

বোর্ড তিনটি পাবলিক শুনানির আয়োজন করবে এবং 1 এপ্রিল, 2025 তারিখের মধ্যে গভর্নর Hochul (হোকল) এবং আইনসভার কাছে লিখিত সুপারিশ জমা দিবে।

**স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড), M.D., M.P.H. বলেন,** "SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University হলো সেন্ট্রাল ব্রুকলিনের দুইটি সবথেকে মৌলিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান যা আমাদের স্টেটের সবথেকে ডাইভার্স কমিউনিটিগুলির একটির জটিল স্বাস্থ্য চাহিদা পূরণ করবে। SUNY ডাউনস্টেটের দীর্ঘমেয়াদি সাস্টেনিবিলিটির জন্য ভিত্তি স্থাপন করা নিশ্চিত করতে আমি এই অ্যাডভাইজরি বোর্ডের সহযোগিতা করতে চাই যার জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল বিনিয়োগ কাজে লাগানো হবে এবং আগামী বহু বছর ধরে অসাধারণ মেডিকেল শিক্ষা ও স্বাস্থ্যসেবা সার্ভিস দিতে থাকা তাদের জন্য সম্ভব করা হবে।"

**SUNY-এর চ্যান্সেলর John B. King Jr (জন বি কিং জুনিয়র) বলেন,** "এখন থেকে 1 এপ্রিল পর্যন্ত এই কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ড যে কাজ করবে তার নির্দেশনা অনুযায়ী এবং গত বছর ব্যাপকভাবে কমিউনিটিকে জড়িত করার উপর ভিত্তি করে, SUNY Downstate Health Sciences University এবং SUNY Downstate Hospital আগামী প্রজন্মের ডাইভার্স, বিশ্বমানের মেডিকেল পেশাদারদের ও বিজ্ঞানীদের ট্রেনিং দেওয়া এবং সেন্ট্রাল ব্রুকলিনে

মানসম্পন্ন স্বাস্থ্যসেবা দেওয়ার যার যার মিশনকে চালিয়ে যেতে পারবে। SUNY ডাউনস্টেটের আর্থিক স্বাস্থ্য, কার্যকারিতা, এবং সাস্টেনিবিলিটির জন্য এটি যুক্তিসঙ্গত, স্কেলেবেল, এবং আর্থিকভাবে দায়িত্বশীল পরিকল্পনার জন্য নজিরবিহীন 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল বিনিয়োগের সুপারিশ তৈরি করার জন্য কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডের অন্যান্য সদস্যদের জন্য আমি কাজ করতে চাই।"

**প্যাস্টর Louis Hilton Straker Jr (লুইস হিল্টন স্ট্রেকার জুনিয়র) বলেন**, "SUNY Downstate Hospital শুধু এটি স্বাস্থ্যসেবা প্রদানকারী নয়; বরং SUNY Downstate Health Sciences University-এর সাথে মিলে এটি আমাদের কমিউনিটির জন্য আশা ও সুযোগের একটি খুঁটি। আমাদের সেন্ট্রাল ব্রুকলিনের পরিবার ও কমিউনিটির উন্নতির জন্য SUNY ডাউনস্টেট অতি গুরুত্বপূর্ণ। SUNY ডাউনস্টেট যাতে ভবিষ্যৎ প্রজন্মের জন্য শক্তি ও সাস্টেনিবিলিটির উৎস হয়ে থাকতে পারে তা নিশ্চিত করতে বোর্ডটির সাথে কাজ করার জন্য আমি গভীরভাবে অঙ্গীকারবদ্ধ এবং ডাউনস্টেটের ভবিষ্যতে 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ঐতিহাসিক এক বিনিয়োগের আকার দিতে সাহায্য করার সুযোগ পেয়ে আমি কৃতজ্ঞ।"

**United University of Professions-এর প্রেসিডেন্ট Fred Kowal (ফ্রেড কোয়াল) বলেন,** "SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University-এর ফ্যাকাল্টি এবং স্টাফ শুধু ব্রুকলিনের বাসিন্দাদের স্বাস্থ্য ও সুস্থতাকে ধরে রাহার জন্য মেডিকেল সেবা দেয় না, বরং এছাড়াও তারা পরবর্তী প্রজন্মের স্বাস্থ্যসেবার পেশাদারদের ট্রেনিং দেয় যারা স্বাস্থ্যসেবার ওয়ার্কফোর্সকে বড় করবে। প্রতিষ্ঠানকে আরো শক্তিশালী করতে, 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত স্টেটের ক্যাপিটাল তহবিলের সর্বোচ্চ প্রভাব আনতে, এবং অ্যাডভাইজরি বোর্ডের বাধ্যবাধকতার সাথে মানানসই SUNY ডাউনস্টেটের দীর্ঘমেয়াদি সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিত করার সেরা উপায় তৈরি করতে কমিউনিটি এবং স্বাস্থ্যসেবা ও শিক্ষার নেতাদের সাথে একসাথে কাজ করতে আমি আগ্রহী।"

**Citizens Budget Commission-এর প্রেসিডেন্ট Andrew Rein (অ্যান্ড্রু রেইন) বলেন,** "বহু পর্যন্ত ধরে SUNY Downstate Health Sciences University স্বাস্থ্যসেবার পেশাদারদের একটি ডাইভার্স গ্রুপকে শিক্ষা দিয়েছে এবং প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা দেওয়ার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হয়ে আছে। এই অ্যাডভাইজরি বোর্ডের অংশ হতে এবং SUNY ডাউনস্টেটের শিক্ষা ও স্বাস্থ্যের মিশন পূরণ করা এবং ব্রুকলিনের বাসিন্দাদের কাছে যাতে তাদের প্রাপ্য মানসম্পন্ন সেবা পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করার এটি আর্থিকভাবে সাস্টেনেবল উপায় সনাক্ত করতে সাহায্য করার জন্য আমি কাজ করবো।"

**Dr. Lesly Kernisant (ডাঃ লেসলি কার্নিসান্ট) বলেন,** "সারাজীবন ধরে স্বাস্থ্যসেবা পেশাদার হিসেবে কাজ করে আমি নিজের চোখে দেখেছি যে সেন্ট্রাল ব্রুকলিনের স্বাস্থ্যের ফলাফল উন্নত করতে SUNY Downstate Health Sciences University এবং SUNY Downstate Hospital কী ভূমিকা পালন করে। SUNY ডাউনস্টেটের আর্থিক স্বাস্থ্যকে নিশ্চিত করার পাশাপাশি এর ক্ষমতা বাড়াবে এমন একটি পরিকল্পনা তৈরিতে সাহায্য করা গর্বের ব্যাপার, 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল তহবিলের সাহায্য পেয়ে এটি আগামী প্রজন্মের স্বাস্থ্যসেবার ডাইভার্স নেতাদের ট্রেনিং দেওয়ার এর অঙ্গীকারকে এগিয়ে নিয়ে যাবে।"

**SUNY ডাউনস্টেটের ডিপার্টমেন্ট অফ কমিউনিটি অ্যান্ড ফ্যামিলি হেলথের চেয়ার Dr. Enitza George (ডাঃ এনিটজা জর্জ), M.D., MBA, MSAI. বলেন,** "SUNY Downstate Health Sciences University-এর আমরা হলাম সেন্ট্রাল ব্রুকলিনের স্বাস্থ্যসেবা ও মেডিকেল শিক্ষার একটি মূল ভিত্তি, এবং আমাদের প্রভাব এই প্রতিষ্ঠানের চার দেওয়ালের বাইরেও অনেক দূর পর্যন্ত পৌঁছে যায়। SUNY ডাউনস্টেটের একটি সাস্টেনেবল ভবিষ্যতের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ঐতিহাসিক একটি বিনিয়োগের মাধ্যমে আমাদের কমিউনিটির চাহিদা পূরণ করার মতো মানসম্পন্ন, সহানুভূতিশীল কেয়ার দিতে থাকা নিশ্চিত করার জন্য আমি গভীরভাবে অঙ্গীকারবদ্ধ।"

**Dr. Donald Moore (ডাঃ ডোনাল্ড মুর) বলেন,** "বহু দশক ধরে SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University-তে কাজ করা একজন ফিজিশিয়ান হিসেবে আমি জানি ব্রুকলিন এবং তার বাইরেও আমাদের অতি প্রয়োজনীয় স্বাস্থ্যসেবার ওয়ার্কফোর্স গঠনে SUNY ডাউনস্টেট কী জরুরি ভূমিকা পালন করে। SUNY ডাউনস্টেটের আর্থিক স্থিতিশীলতা আমাদের কমিউনিটির সুস্থতার জন্য অতি প্রয়োজনীয়, এবং এই অ্যাডভাইজরি বোর্ডে অবদান রাখতে পেরে এবং 750 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ক্যাপিটাল তহবিলের মাধ্যমে SUNY ডাউনস্টেট যাতে মানসম্পন্ন সেবা ও শিক্ষা দিয়ে যেতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করতে পেরে আমি অনেক সম্মানিত হয়েছি।"

**স্টেটের সিনেটর Zellnor Myrie (জেলনোর মাইরি) বলেন,** "আমাদের কমিউনিটি আশা করছে যে SUNY ডাউনস্টেটের ভবিষ্যৎ সম্পর্কে সত্যিই সবাইকে জড়িত করার প্রক্রিয়া এবং মানসম্পন্ন স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ বাড়ানোর একটি সত্যিকারের পরিকল্পনা থাকবে এবং এটি তাদের অধিকার, এবং গভর্নর যে এই অ্যাডভাইজরি বোর্ড খুলছেন তার জন্য আমি কৃতজ্ঞ। Dr. Enitza George-এর (ডাঃ এনিটজা জর্জ) নিয়োগের জন্য আমি বিশেষভাবে খুশি, তিনি আমাদের কমিউনিটির স্বাস্থ্যসেবা চাহিদা এবং তার সমর্থনে ডাউনস্টেটের ভূমিকার সাথে খুবই পরিচিত। বোর্ডের কাজ শুরু করা দেখার জন্য এবং তাদের সুপারিশ রিভিউ করার জন্য আমরা অত্যন্ত আগ্রহী।"

**অ্যাসেম্বলির সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহ্যাম) বলেন,** "Downstate Medical Center-এর আর্থিক নিরাপত্তায় অবদান রাখতে পেরে এবং আমাদের বাসিন্দাদের সমর্থন করার জন্য প্রয়োজনীয় রিসোর্স, স্টাফ, ও প্রযুক্তি দেওয়ার মাধ্যমে সেন্টারের ভবিষ্যৎ নিশ্চিত করতে কমিশনের গুণী সদস্যদের সাথে কাজ করতে পেরে আমি অনেক খুশি হয়েছি। হাসপাতালটি প্রতি বছর লাখ লাখ মানুষকে সেবা দিয়ে থাকে, যাদের অনেকেই আমার জেলায় থাকে এবং তাদের মধ্যে নিম্ন আয়ের পরিবার এবং ঐতিহাসিকভাবে মার্জিনালাইজড কমিউনিটির মানুষ আছে। প্রতিরোধের সেবাকে অগ্রাধিকার দেয় ও উন্নত করে এমন সেবা পাওয়ার সুযোগ বাড়ানোর মাধ্যমে আরো স্বাস্থ্যকর এলাকা গঠনের জন্য এটি একটি লাইফলাইন।"

**Brooklyn Community Board #9-এর চেয়ার Fred Baptiste (ফ্রেড ব্যাপ্টিস্ট) বলেন,** "SUNY Downstate Hospital এবং SUNY Downstate Health Sciences University হলো সেন্ট্রাল ব্রুকলিনের ফ্যাব্রিকের অতি গুরুত্বপূর্ণ অংশ, তারা স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং আমাদের এলাকার উন্নতি করার একটি শিক্ষা প্রতিষ্ঠান উভয় হিসেবে কাজ করে। SUNY

ডাউনস্টেট যাতে আর্থিকভাবে সাস্টেনেবল থাকে এবং আমাদের কমিউনিটির স্বাস্থ্য ও সুস্থতার একটি অতি প্রয়োজনীয় রিসোর্স হিসেবে কাজ করতে পারে তা নিশ্চিত করার জন্য অর্থপূর্ণ কথাবার্তা বলা আমাদের ইচ্ছা।"

**Brooklyn Community Board #14-এর চেয়ার Karl-Henry Cesar (কার্ল-হেনরি সিজার) বলেন,** "একটি পুনর্জীবিত এবং সম্পূর্ণ সমর্থিত SUNY Downstate Brooklyn Hospital হবে সেন্ট্রাল ব্রুকলিনের মানুষের জন্য সম্মান এবং জীবনের মূল্যের একটি প্রয়োজনীয় চিহ্ন। তাই আমি আশা করছি যে, কমিউনিটির সাথে কথা বলার জন্য এবং এই ভবিষ্যতের সমর্থনে এর মিশনকে আস্থার সাথে পূরণ করার জন্য যত সময় প্রয়োজন তা দিয়ে কমিউনিটি অ্যাডভাইজরি বোর্ডকে সম্পূর্ণ ক্ষমতা ও সমর্থন দেওয়া হবে।"

**Brooklyn Community Board #17-এর চেয়ার Rodrick Daley (রড্রিক ডেলি) বলেন,** "Community Board 17 CAB-কে স্বাগত জানাচ্ছে। সেন্ট্রাল ব্রুকলিনের মানুষ যাতে এটি ওপেন ডাউনস্টেটের সম্ভাব্য সেরা ফলাফল পেতে পারে তা নিশ্চিত করার জন্য একসাথে আমরা অবিরাম কাজ করে যাবো। আমাদের আশেপাশের অন্যান্য হাসপাতালগুলিতে অনেক বেশি পরিবর্তন করা হচ্ছে। আরো ভালোভাবে আবার সব তৈরির জন্য এই CAB কাজ করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন